অর্থনীতি

Google বিজ্ঞাপনটিকে ব

# গুডমুডের ছবি তুলে পুরস্কার পেলেন তিন তরুণ

বৃহস্পতিবার, ২৫ মার্চ ২০২১




প্রাণ মি. ম্যাংগো আয়োজিত 'শেয়ার করো তোমার গুডমুড' থিমে সেরা ফ্রেম প্রতিযোগিতায় পুরস্কৃত হয়েছেন সেরা তিন ফটোগ্রাফার। প্রথম হয়েছেন রাঙ্গামাটির ধারমা চন্দ্র, রানারআপ টাঙ্গাইলের রায়হান আহমেদ এবং সেকেন্ড রানারআপ হয়েছেন ব্রাহ্মণবাড়িয়ার লোকমান হোসেন। এছাড়া তিন ক্যাটাগরিতে মোট নয়জনকে পুরস্কার দেয়া হয়েছে।

Advertisement

সারাদেশের সাধারণ অপেশাদার ফটোগ্রাফারদের মধ্যে এ প্রতিযোগিতার আয়োজন করেছিল মি. ম্যাংগো।

বৃহস্পতিবার (২৫ মার্চ) রাজধানীর বনানীর অথেনটিক কাবাব এক্সপ্রেসে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাণ সুইটস কনফেকশনারির জেনারেল ম্যানেজার তানভীর হাসান, মি. ম্যাংগোর সিনিয়র ব্র্যান্ড ম্যানেজার শাহাদাত হোসেন, ব্র্যান্ড ম্যানেজার ওমর ফারুক প্রমুখ।

আয়োজকরা জানান, ৬ হাজার ২০০'র বেশি প্রতিযোগী সেরা ফ্রেম প্রতিযোগিতার প্রথম সিজনে অংশ নিয়েছিলেন। এর মধ্যে প্রাথমিকভাবে ২৭ জনের ছবি মি. ম্যাংগোর ফেসবুক পেজে দেয়া হয়েছিল। সেখান থেকে অডিয়েন্সের ভোটে সেরা তিনজনকে নির্বাচিত করা হয়েছে।

Advertisement

Google বিজ্ঞাপনটিকে বন্ধ করেছে

দেখতে চায়। সে লক্ষ্যে 'শেয়ার করো তোমার গুডমুড' থিমে এ সেরা ফ্রেম প্রতিযোগিতায় প্রথম সিজন করা হয়েছে। এ প্রতিযোগিতা সামনে অব্যাহত থাকবে।'

তিনি বলেন, 'এর বাইরে তরুণদের একটি ফটোগ্রাফি প্ল্যাটফর্ম তৈরি করে দিতে চায় মি. ম্যাংগো। প্রতি বছর এ প্রতিযোগিতা থেকে নতুন নতুন ফটোগ্রাফার উঠে আসবে। বিশেষ করে তরুণরা উৎসাহী হবেন।'

অনুষ্ঠানের শুরুতে ডেইলি স্টারের ফটোগ্রাফার পবীর দাশ নয় প্রতিযোগীকে একটি গ্রুমিং সেশন করান। অনুষ্ঠানের মিডিয়া পার্টনার ছিল জাগো নিউজ।

এনএইচ/ইএ/জিকেএস

Advertisement

Google দ্বারা বিজ্ঞাপন
অ্যাড্ দেখা বন্ধ করুন
এই বিজ্ঞাপনটি কেন?

Google দ্বারা বিজ্ঞাপন
অ্যাড্ দেখা বন্ধ করুন
এই বিজ্ঞাপনটি কেন?